ড্র করেছে বাংলাদেশ

স্পোর্টস রিপোর্টার ঃ ভারতের দিল্লীতে অনুষ্ঠানরত লাল বাহাদুর শাস্ত্রী হকি টুর্নামেন্টে বাংলাদেশ নিজেদের প্রথম ম্যাচ ড্র করেছে। গতকাল দিল্লীর শিবাজী স্টেডিয়ামে অনুষ্ঠিত ম্যাচে বাংলাদেশ জাতীয় দল ২-২ গোলে ড্র করে সেন্ট্রাল রিজার্ভ পুলিশ দলের সাথে। হকি ফেডারেশন সূত্রে জানা গেছে, বাংলাদেশ প্রথমার্ধে ২-১ গোলে এগিয়ে ছিল। বাংলাদেশের গোল ২টি করেন রাজন ও হাবুল। চমৎকার নৈপুণ্য দেখিয়ে ম্যাচসেরা খেলোয়াড় নির্বাচিত হন বাংলাদেশের মুসা মিয়া। আজ বাংলাদেশ দ্বিতীয় ম্যাচ খেলবে অয়েল এন্ড ন্যাচরাল গ্যাস গ্যাস কোম্পানির সঙ্গে।

জাতীয় ক্রিকেট লীগ ১০ ডিসেম্বর থেকে

ইস্পাহানী মির্জাপুর চা চতুর্থ জাতীয় ক্রিকেট লীগ ১০ ডিসেম্বর শুরু হবে। লীগে ছয়টি বিভাগীয় দল অংশগ্রহণ করবে। দলগুলো একে অপরের সঙ্গে একটি চার দিনের ও একটি একদিনের ম্যাচ খেলবে। কুমিল্লা স্টেডিয়ামে খরিশালের সঙ্গে বর্তমান চ্যাম্পিয়ন ঢাকা, ফতুল্লা স্টেডিয়ামে সিলেটের সঙ্গে রাজশাহী এবং ধানমন্ডি স্টেডিয়ামে খুলনার সঙ্গে চট্টগ্রাম ১০ থেকে ১৩ ডিসেম্বর চারদিনের ম্যাচ ও ১৪ ডিসেম্বর একদিনের ম্যাচ খেলবে। বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) কর্মকর্তারা জানিয়েছেন, ১৭ জানুয়ারী লীগ শেষ হবে। খেলা হবে পাঁচটি ভেন্যুতে। কুমিল্লা, ফতুল্লা ও ধানমন্ডি ছাড়া অন্য দুটি ভেন্যু হল বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম ও রাজশাহী স্টেডিয়াম।

লীগের খেলাগুলোর জন্য বিসিবি ম্যাচ রেফারী নিয়োগ করার উদ্যোগ নিয়েছে। বোর্ড জানিয়েছে, জাতীয় দলের প্রাক্তন খেলোয়াড় জাতীয় পর্যায়ের আম্পায়ারদের মধ্য থেকে ম্যাচ রেফারী নিয়োগ করা হবে। এ লক্ষ্যে চার ডিসেম্বর সকালে বিসিবি কার্যালয়ে ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠিত হবে। বাসস

মহানগরী বাছাই দাবার শীর্ষস্থান মিঠুর

মহানগরী বাছাই দাবা প্রতিযোগিতায় গিয়াস উদ্দিন মিঠু অপরাজিত থেকে প্রথম হয়েছেন। মিঠু পূর্ণ নয় পয়েন্ট অর্জন করে প্রথম হন। গতকাল অনুষ্ঠিত নবম বা শেষ রাউন্ডের খেলায় মিঠু উত্তমকে পরাজিত করেন। সাড়ে সাত পয়েন্ট নিয়ে রাজন মাহমুদ দ্বিতীয় হয়েছেন। সাত পয়েন্ট করে নিয়ে তৃতীয়-পঞ্চম স্থান লাভ করেছেন যথাক্রমে উত্তম, কাজী তারেকুল ইসলাম ও এস এম নাসের। সাড়ে ছয় পয়েন্ট করে ষষ্ঠ হতে অষ্টাদশ স্থান পান যথাক্রমে হানিফ মোল্লা, আলমগীর হোসেন, মোহাম্মদ উল্লাহ মোহন, মোঃ মাসুম খান, মোঃ আহিদ চৌধুরী, আমির হোসেন, মুজিবুর রহমান, নাজরানা খান ইভা, নুরে আলম, শামীম আকন্দ, আমিনুল ইসলাম (লিপন), মোঃ নাসিম ও মোঃ নুর হোসেন। বিজ্ঞপ্তি

জানুয়ারীতে অফিস হকি

দ্বিতীয় অফিস হকি লীগ জানুয়ারী মাসের প্রথম সপ্তাহে শুরু হবে। বাংলাদেশ হকি ফেডারেশন সূত্রে জানা গেছে একথা। লীগে অংশ নিতে আগ্রহী দলকে ১০ ডিসেম্বরের মধ্যে ৫০০ টাকা ফি জমা দিয়ে ফেডারেশনের নাম তালিকাভুক্ত করতে বলা হয়েছে। জাতীয় দলের চারজনের বেশী খেলোয়াড়কে কোন দল নিতে পারবে না। বাসস

লড়ার মতোই লড়তে

স্পোর্টস রিপোর্টার, চট্টগ্রাম থেকে

ওয়ানডে সিরিজ

ভারতের মাটিতে ভারতের বিপক্ষে ওয়ানডে সিরিজ জয়ের পরও ভারতের উইকেট নিয়ে ক্ষোভ সমালোচনা করেছেন উইন্ডিজ অধিনায়ক কার্ল হুপার। ভারতের উইকেটে খেলে বিশ্বকাপের আসল প্রস্তুতি নেয়া হচ্ছে না বলে মন্তব্য পর্যন্ত করেছেন তিনি। তবে প্রায় একই ধরনের কন্ডিশন সত্ত্বেও চট্টগ্রামের উইকেট নিয়ে এ ধরনের সমালোচনা করতে পারেননি হুপারের অনুপস্থিতিতে অধিনায়কত্বের দায়িত্ব পাওয়া জ্যাকবস। উল্টো উইকেট দেখে বেজায় খুশি তিনি, সতীর্থদের কাছে আত্মবিশ্বাসী ব্যাটিং আশা করছেন তিনি– 'উইকেট ফ্লাট, বলতে পারেন ব্যাটিং ফ্রেন্ডলি'। উইকেট দেখে উইন্ডিজ ব্যাটসম্যানরা বেজায় খুশি। তবে এ ধরনের ব্যাটিং ফ্রেন্ডলি উইকেটে কোন কোন খেলোয়াড়কে এক্সপেরিমেন্ট করাকে যুক্তিযুক্ত মনে করছেন না জ্যাকবস– 'বিশ্বকাপের আগে এটাই আমাদের শেষ প্রস্তুতি, সুতরাং আমরা প্রতিটি ম্যাচে চাইব সেরা একাদশ বেছে নিতে।' বাংলাদেশের উইকেটের বৈশিষ্ট্য সম্পর্কে পূর্বাভাস পেয়ে মূল পেস বোলার ডিভনকে দেশে পাঠিয়ে দিয়েছেন কোচ হার্পার, দলে স্পিনারদের সমাবেশ ঘটিয়েছেন তিনি। প্র্যাকটিস শেষে দল ঘোষণা করেননি উইন্ডিজ কোচ। প্রথম একাদশ সাজানোর আগে চিন্তা-ভাবনা করতে চান জ্যাকবস– 'দলে যথেষ্ট স্পিনার আছে ঠিকই, কোচ যদি বেশি স্পিনার ব্যবহার করতে চান তাহলে আমার অমত থাকার কথা নয়, আর তিনি তা না চাইলে তো অন্য কোন পরিকল্পনা করতে হবে।'

টেস্ট এরিনায় নবাগতর দোহাই তুলে পার হয়তো বা পাওয়া যাবে, কিন্তু ওয়ানডেতে সে অজুহাত তোলার কোন উপায় নেই বাংলাদেশের। দেখতে দেখতে ওয়ানডে ম্যাচের সংখ্যায় অর্ধসেঞ্চুরি পার, তবুও কেনিয়ার নীচে বাংলাদেশ! ৫৬ ম্যাচে ৫৩টিতে হার– যার মধ্যে এ পর্যন্ত হারের বিশ্বরেকর্ড আছে, বাংলাদেশের (২৩টি হার), এতসব ব্যর্থতা আরো ভারী করেছে পাইলটকে, অনেক প্রশ্নের মুখে ফেলে দিয়েছে বাংলাদেশ অধিনায়ককে। জিম্বাবুয়ের বিরুদ্ধে সিরিজের মাঝপথে তার অধিনায়কত্ব পাওয়া, সপ্তাহখানেক আগে ক্যাপ্টেনসির ১ বছর পূর্ণ হয়েছে

পার্থে অ্যাশেজের তৃতীয় টেস্ট শুরু আজ

বোর্ডারকে ছুঁয়ে ফেলার

অ্যাশেজ

অ্যাডিলেডে ম্যাচের চতুর্থ দিনেই ইংল্যান্ডকে ওড়িয়ে দেয়ার পর স্টিভ ওয়াহ দাবী করেছিলেন অস্ট্রেলিয়ার ক্রিকেট ইতিহাসে চলমান দলটিই সবচেয়ে ব্যালান্সড দল। টানা ১৬টি টেস্ট জিতে জয়ের বিশ্ব রেকর্ড গড়ার পর অনেকেই যেখানে অস্ট্রেলিয়াকে ক্রিকেট ইতিহাসের সেরা সাইড বলছে সেখানে স্টিভ এমনটা দাবী করতেই পারেন। তবে তিনি যে নিজেও ক্রিকেট ইতিহাসের সবচে' সফল অধিনায়ক হতে চলেছেন নিজ মুখে দাবী না করলেও রেকর্ড বুক সে ইঙ্গিতই দিচ্ছে। চলতি অ্যাশেজের তৃতীয় টেস্ট আজ থেকে শুরু হচ্ছে পার্থে। ব্রিসবেন, অ্যাডিলেডের পর এখানেও অস্ট্রেলিয়া বিজয়কেতন ওড়াবে, অধিনায়ক স্টিভ সাফল্যের অনন্য এক ফলক স্পর্শ করবেন, অস্ট্রেলিয়ার সবচে' সফল অধিনায়ক হিসেবে ছুঁয়ে ফেলবেন অ্যালান বোর্ডারের রেকর্ডকে।

অস্ট্রেলিয়ার ক্রিকেট ইতিহাসে সর্বোচ্চ টেস্ট জয়ী অধিনায়ক হচ্ছেন অ্যালান বোর্ডার। ৯৩টি টেস্টে নেতৃত্ব দিয়ে জিতেছেন ৩২টিতে। আজ থেকে শুরু হওয়া পার্থ টেস্টে স্টিভ এ্যান্ড কোং জয়ী হলে বোর্ডারের এই সাফল্যকে ছুঁয়ে ফেলবেন স্টিভ। নেতৃত্ব দিয়ে দলকে টেস্ট জেতানোর অনুপাতে ইতোমধ্যেই স্টিভ ম্লান করে দিয়েছেন তার পূর্বসূরীদের। ৩২ টেস্ট জিততে অধিনায়ক বোর্ডারকে [illegible]

টেস্ট শুরু সকাল ৮.৩০ মিনিটে দেখাবে স্টার স্পোর্টস পার্থ টেস্ট

সেখানে স্টিভ ওয়াহ ৩১টি টেস্ট জিতেছেন মাত্র ৪২টি ম্যাচে নেতৃত্ব দিয়ে।

তো শুধুমাত্র বোর্ডারকেই কেন রেকর্ডের দিক থেকে ক্রিকেট ইতিহাসের সবচে' সফল অধিনায়ককেও ছাপিয়ে যাবেন স্টিভ। সেই প্রক্রিয়ায়ই রয়েছেন তিনি। সর্বোচ্চ টেস্ট জয়ী অধিনায়ক হিসেবে ওয়েস্ট ইন্ডিজের ক্লাইভ লয়েডের নাম আছে রেকর্ড বুকে। ৭৪ ম্যাচে নেতৃত্বে দিয়ে [illegible]